সিলেট অনলাইন প্রেসক্লাবের নতুন সদস্যদের পরিচিতি সভা অনুষ্ঠিত

চেম্বার ডেস্ক: সিলেটের জেলা প্রশাসক মোহাম্মদ শের মাহবুব মুরাদ বলেছেন, টেকসই বাংলাদেশ বিনির্মাণে সর্বক্ষেত্রে সংস্কার অপরিহার্য।ছাত্রজনতার গণঅভ্যুত্থান পরবর্তী নতুন বাংলাদেশে অনেক পরিবর্তন নিয়ে আসতে হবে। বিপ্লবোত্তর অর্জনকে টেকসইরূপে গড়ে তোলে এটিকে জনগণের আস্থা ও নির্ভরশীলতার জায়গায় নিয়ে যেতে হবে। এক্ষেত্রে সাংবাদিক ও গণমাধ্যমের বড় ভূমিকা রাখা প্রয়োজন।বিপ্লব পরবর্তী নতুন বাংলাদেশে সব জায়গায় সংস্কার প্রয়োজন, আমাদের চিন্তা চেতনায়ও সংস্কার আনতে হবে।এখন আমাদের মুল লক্ষ্য হওয়া উচিত দূর্নীতির মুলোৎপাটন।আর এক্ষেত্রে গণমাধ্যমের ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ।

মঙ্গলবার সন্ধ্যায় সিলেট অনলাইন প্রেসক্লাবের নতুন সদস্যদের পরিচিতি সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

জেলা প্রশাসক আরো বলেন, সিলেটের ইতিহাস ঐতিহ্য নতুন করে সংরক্ষন করতে হবে।সত্য মিথ্যার পার্থক্য খোঁজে সাংবাদিকদের বস্তুনিষ্ট তথ্য বের করে আনতে হবে। আংশিক রিপোর্ট নয়,পূর্ণাঙ্গ সংবাদ প্রতিবেদন রাষ্ট্র, জনগণ ও সমাজের উপকার নিয়ে আসবে।

এসময় সিলেট অনলাইন প্রেসক্লাব এর নতুন সদস্যদের অভিনন্দন ও ধন্যবাদ জানিয়ে তিনি পুরনো সদস্যদের সাথে পারস্পারিক আস্থাশীল ও দায়িত্বশীল হওয়ার প্রত্যয় ব্যক্ত করেন জেলা প্রশাসক।

সিলেট অনলাইন প্রেসক্লাবের সভাপতি মোহাম্মদ গোলজার আহমদের সভাপতিত্বে প্রেসক্লাবের ড. রাগীব আলী মিলনায়তনে আয়োজিত সভাটি সঞ্চালনা করেন সাধারণ সম্পাদক এম. সাইফুর রহমান তালুকদার।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন- দৈনিক শুভ প্রতিদিন এর সম্পাদক রেজাউল হাসান কয়েস লোদী, সিলেট জেলা তথ্য অফিসের উপ পরিচালক মো. সালাহ্ উদ্দিন, জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিষ্ট্রেট ওমর সানি আকন।

সভায় বক্তব্য রাখেন- সিলেট অনলাইন প্রেসক্লাবের সিনিয়র সহ-সভাপতি আব্দুল মুহিত দিদার, সহ সভাপতি জহিরুল ইসলাম মিশু, সহ-সাধারণ সম্পাদক মাসুদ আহমদ রনি, কোষাধ্যক্ষ তাওহীদুল ইসলাম, ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক মোঃ কামাল আহমদ, পাঠাগার ও দপ্তর সম্পাদক মবরুর আহমদ সাজু। শুরুতেই পবিত্র কোরআন তেলাওয়াত করেন ক্লাব সদস্য ক্বারি আব্দুল বাসিত। নতুন সদস্যদের মধ্যে অনুভূতি ব্যাক্ত করেন- নতুন সদস্য নুরুল ইসলাম।

পরিচিতি সভায় প্রেসক্লাবের নতুন সদস্যদের হাতে চিঠি তুলে দেন জেলা প্রশাসক। নতুন সদস্যরা হলেন- সাধারণ সদস্য- আজকের সিলেট এর প্রধান বার্তা সম্পাদক এম.এম হোসেন রুবেল, সিলেট প্রতিদিন এর স্টাফ রিপোর্টার মোঃ নুরুল ইসলাম, আজকের সিলেট এর সহকারী সম্পাদক মিজান মোহাম্মদ, বিজনেস বাংলাদেশ এর সিলেট জেলা প্রতিনিধি রেজাউল করিম সোহেল, সময়ের কণ্ঠস্বর এর স্টাফ রিপোর্টার মোঃ আবুল হোসেন, এনটিভির (ইউরোপ) স্টাফ রিপোর্টার মোঃ আশরাফুল ইসলাম ইমরান, মুক্তি নিউজ এর সিলেট জেলা প্রতিনিধি আমির উদ্দিন, রেডটাইমস এর স্টাফ রিপোর্টার আব্দুল কাদির জীবন, ডেইলি সিলেট মিডিয়ার স্টাফ রিপোর্টার শিপন চন্দ জয়, দৈনিক আজকের বাংলা এর সিনিয়র স্টাফ রিপোর্টার মোঃ ফারুক মিয়া, ডেইলি সিলেট মিডিয়ার স্টাফ রিপোর্টার আহমেদ পাবেল, সিলেট প্রতিদিন এর মাল্টিমিডিয়া রিপোর্টার মোঃ জাকির হোসেন, এনটিভি (ইউরোপ) এর ক্যামেরাপার্সন মোঃ সোহেল মিয়া, রেডটাইমস এর সিলেট প্রতিনিধি উৎফল বড়ুয়া ও শুভ প্রতিদিন এর ফটো সাংবাদিক মোঃ রুবেল মিয়া। সহযোগী সদস্য- টাইম বাংলা নিউজ এর ফটো সাংবাদিক নাহিদ আহমদ।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন- সোনার সিলেট সম্পাদক মে. কামরুল আলম, সিলেট এক্সপ্রেস এর স্টাফ রিপোর্টার তাসলিমা খানম বিথী, আজকের সিলেট এর জৈষ্ট সহ সম্পাদক শাহিদ আহমদ হাতিমী, নগর নিউজ এর সম্পাদক মো. সাইফুল ইসলাম, নিউজ চেম্বার এর নির্বাহী সম্পাদক এম.এ ওয়াহিদ চৌধুরী, সিলেট মিডিয়া এর স্টাফ রিপোর্টার ফাহাদ মারুফ, সিলেট নিউজ ওয়ার্ল্ড এর স্টাফ রিপোর্টার আলমগীর আলম, ভিউজ বাংলাদেশ এর এর সিলেট প্রতিনিধি দেবব্রত রায় দিপন, সুরমা ভিউ এর স্টাফ রিপোর্টার আবু জাবের, পাওয়ার নিউজ এর সম্পাদক তারেক আহমদ খান, জনতার ডাক এর সম্পাদক জসিম উদ্দিন, সিলেট প্রতিদিন এর স্টাফ রিপোর্টার মশাহিদ আলী, ডেইলি ক্যাম্পাসের সিলেট প্রতিনিধি দেলোয়ার হোসেন মান্না, সিলেটের কণ্ঠ এর স্টাফ রিপোর্টার আব্দুল হান্নান, যুগবার্তার সিলেট প্রতিনিধি সৈয়দ

রাসেল আহমদ প্রমূখ।